



তারিখ: ১৫.০২.২০২৩ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মুরারিচাঁদ কলেজ সিলেট-এ তিন বৎসর মেয়াদী ১ম বর্ষ বি.এ (পাস), বি.এস.এস (পাস) ও বি.এসসি (পাস) কোর্সে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপ মেধা তালিকায় মনোনয়ন প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তির তফসীল নিম্নে প্রদত্ত হল:

১। (ক) মনোনীত প্রার্থী www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে চূড়ান্ত ভর্তির ফরম পূরণ করবে, ২য় রিলিজ স্লিপ মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তনের কোন সুযোগ নেই।

(খ) প্রতিটি শিক্ষার্থীকে অনলাইনের চূড়ান্ত ভর্তি ফরমের নীচে তার প্রার্থিত কোর্সে ভর্তির জন্য বিষয়গুচ্ছ থেকে সতর্কতার সাথে ০৩ টি নৈর্বাচনিক বিষয় লিখে দিতে হবে।

(গ) অনলাইনের প্রিন্টকৃত ফরম পূরণ করে নির্ধারিত ভর্তি ফি (বিএ/বিএসএস মুসলিম শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩১৫৫/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩১৬০/- এবং বিএসসি মুসলিম শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩২৫৫/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩২৬০/-) “রকেট”এর মাধ্যমে আগামী ১৬.০২.২০২৩ তারিখ থেকে ২২.০২.২০২৩ খ্রি: তারিখের মধ্যে জমা দিয়ে টাকা জমাদানের ট্রানজেকশন আইডি নম্বর সংগ্রহ করে ফরমের উপরে একটিভ মোবাইল নম্বরসহ স্পষ্ট করে ট্রানজেকশন নম্বরসহ টাকার অংক লিখতে হবে।

উল্লেখ্য যে, ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২০ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

Rocket Biller ID: 4063

জমাদানের তারিখ	জমাদানের স্থান	কোর্স	মেধাতালিকায় ক্রমিক	জমাদানের সময়
১৬.০২.২০২৩, ২০.০২.২০২৩ ও ২২.০২.২০২৩ সরকারি ছুটির দিন ব্যতীত	তথ্য ও অনুসন্ধান কেন্দ্র	বি.এ/বিএস.সি/ বি.এস.এস	২য় রিলিজস্লিপ মেধা তালিকায় মনোনীত সকল আবেদনকারী	সকাল ১০.৩০ টা হতে দুপুর ১২.৩০ টা পর্যন্ত

২। অনলাইন ভর্তি ফরমের কলেজ কপির সাথে ০১ সেট নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবে:

- এস.এস.সি ও এইচ.এস.সি/ সমমানপরীক্ষার নম্বরফর্দের ফটোকপি।
- এস.এস.সি ও এইচ.এস.সি/ সমমানপরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- উক্ত কাগজপত্র সংরক্ষণের জন্য নাম, ঠিকানা, মোবাইল নম্বর, রোল নম্বর ও PIN নম্বর লিখিত একটি বড় খামে জমা দিতে হবে।

৩। বিএ/বিএসএস/বিএসসি এর বিষয়গুচ্ছ ভালভাবে দেখে বিষয় নির্বাচন করতে হবে বিষয় নির্বাচনের ক্ষেত্রে গুচ্ছের নিয়মের ব্যতিক্রম হলে পরবর্তীতে বিষয় সংক্রান্ত কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৫.০২.২০২৩
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
মুরারিচাঁদ কলেজ, সিলেট

(Signature)